# Mpox-এর জন্য JYNNEOS টিকা: প্রায়শই জিজ্ঞাসিত প্রশ্নাবলী

যে সব ব্যক্তি সাম্প্রতিককালে mpox-এর (অতীতে মাঙ্কিপক্স নামে পরিচিত) প্রভাবাধীন হয়েছেন অথবা ভবিষ্যতে হতে পারেন, তাদের জন্য JYNNEOS টিকার সুপারিশ করা হচ্ছে।

## এই JYNNEOS টিকা কীভাবে কাজ করে?

JYNNEOS টিকা mpox ও স্মলপক্স (গুটিবসন্ত) রোগ প্রতিরোধের জন্য অনুমোদিত। টিকাটিতে ভ্যাক্সিনিয়া ভাইরাস আছে যা mpox এবং গুটিবসন্ত ভাইরাস সম্পর্কিত একটি ভাইরাস, যা দুর্বল করা হয়েছে, মানব কোষে নিজের প্রতিরূপ তৈরি করতে পারে না এবং শরীরের অন্যান্য অংশে বা মানুষের মধ্যে ছড়িয়ে পড়তে পারে না। এই টিকা যে ব্যক্তি টিকা তার নিচ্ছেন বা তার আশেপাশে থাকা ব্যক্তিদের mpox, গুটিবসন্ত বা ভ্যাকসিনিয়ায় আক্রান্ত হবার কারণ হয় না।

## এই টিকা কীভাবে দেয়া হয়?

এই টিকা, রোগী অথবা প্রদানকারীর পছন্দের ভিত্তিতে, ত্বকের ঠিক নিচে (সাবকুটেনিয়াস) অথবা বহিস্ত্বক ও অন্তস্ত্বকের মধ্যে (ইনট্রাডার্মাল) দেওয়া যেতে পারে। উভয় ধরনের প্রদানের ক্ষেত্রেই সাধারণত বাহুতে একটি ইনজেকশন নিতে হয়। 18 বছরের কম বয়সী লোকেদের শুধুমাত্র ত্বকের নিচেই এই টিকা দেওয়া হয়। JYNNEOS টিকার বহিস্ত্বক ও অন্তস্ত্বকের মধ্যে (Intradermal) প্রয়োগ সম্পর্কে আরও তথ্যের জন্য **on.nyc.gov/jynneos-intradermal-be** দেখুন।

## টিকাটির সাধারণ পার্শ্ব প্রতিক্রিয়াগুলো কী কী?

টিকা নেবার পর ক্লান্তি, মাথাব্যথা এবং মাংসেপেশীতে ব্যথা হতে পারে। এছাড়াও লোকেদের ইনজেকশনের স্থানে লালভাব, ফুলে ওঠা, ক্ষত এবং চুলকানি হতে পারে, যা ইনট্রাডার্মাল ইনজেকশনের ক্ষেত্রে খুবই সাধারণ ব্যাপার এবং তার অবনতি ঘটার ও দীর্ঘ দিন থেকে যাবার সম্ভাবনা থাকে।

## আমার কতগুলো ডোজ প্রয়োজন হবে?

আপনার অন্তত চার সপ্তাহের ব্যবধানে দুটি ডোজ নেওয়া উচিত। আপনি আপনার প্রথম ডোজের পর থেকেই সুরক্ষা তৈরি করতে শুরু করবেন কিন্তু আপনার দ্বিতীয় ডোজের পরে দুই সপ্তাহ পার না হওয়া অবধি আপনি টিকাটি থেকে সম্পূর্ণ অনাক্রম্যতা লাভ করবেন না।

## টিকাটি কতটা ভালো কাজ করে?

প্রাথমিক ডেটা থেকে দেখা গেছে যে, বর্তমান প্রাদুর্ভাবের ক্ষেত্রে এই JYNNEOS টিকা mpox প্রতিরোধে সাহায্য করেছে, কিন্তু এই টিকা কত ভালভাবে কাজ করবে তা বোঝার জন্য আরও অধ্যয়নের প্রয়োজন আছে। অন্যান্য প্রতিরোধমূলক ব্যবস্থাগুলিও চালিয়ে যাওয়া জরুরি, যেমন যাদের mpox -এর লক্ষণগুলি রয়েছে সেই সব ব্যক্তিদের সাথে যৌনসংসর্গ করা থেকে বিরত থাকা।

**টিকা দেওয়ার পরে আমার যদি গুরুতর স্বাস্থ্য সমস্যা হয় তাহলে আমার কি করা উচিত?**
গুরুতর এলার্জিজনিত প্রতিক্রিয়ার লক্ষণগুলির মধ্যে আছে আমবাত, মুখ ও গলা ফুলে যাওয়া, শ্বাস নেওয়ায় কষ্ট, দ্রুত হৃদস্পন্দন, মাথা ঘোরা এবং দুর্বলতা। আপনার গুরুতর অ্যালার্জিজনিত পার্শ্ব প্রতিক্রিয়া দেখা দিয়েছে বলে মনে হলে **911** নম্বরে ফোন করুন, অথবা হাসপাতালে চলে যান। আপনার যদি এমন কোন অন্যান্য পার্শ্বপ্রতিক্রিয়া থাকে যা উদ্বেগের কারণ, তাহলে আপনার স্বাস্থ্যপরিচর্যা প্রদানকারীকে কল করুন, অথবা পরিচর্যার সাথে যোগাযোগ করিয়ে দিতে **311** নম্বরে কল করুন। আপনার স্বাস্থ্যপরিচর্যা প্রদানকারীকে গুরুতর বিরূপ প্রতিক্রিয়ার ব্যাপারে টিকার বিরূপ ঘটনার প্রতিবেদনতন্ত্র (Vaccine Adverse Event Reporting System, VAERS)-এ জানাতে হবে, যদিও আপনি নিজেও **vaers.hhs.gov**-এ গিয়ে অথবা 800-822-7967 নম্বরে কল করে তা জানাতে পারেন। VAERS কর্মীদলের সদস্যরা চিকিৎসা সংক্রান্ত পরামর্শ দেন না।

**এইচআইভি আক্রান্ত ব্যক্তি, দুর্বল রোগ প্রতিরোধ ব্যবস্থা বা চর্মরোগ আছে এমন ব্যক্তিরা কি টিকা নিতে পারবেন?**
হ্যাঁ। JYNNEOS টিকা এইচআইভি এবং এটোপিক ডার্মাটাইটিস (একজিমা) আক্রান্ত ব্যক্তিদের মধ্যে অধ্যয়ন করা হয়েছে এবং কোনো গুরুতর প্রতিক্রিয়া চিহ্নিত করা যায়নি। এই সব অবস্থা রয়েছে বা রোগপ্রতিরোধ ক্ষমতা দুর্বল এমন লোকেরা mpox দ্বারা সংক্রামিত হলে তারা আরও বেশি গুরুতর রোগে আক্রান্ত হতে পারেন, তাই তাদের যদি প্রভাবাধীন হবার ঝুঁকি থাকে, তাহলে তাদের জন্য টিকা নেওয়াটা জরুরি। তবে, টিকাকরণের পর দুর্বল রোগ প্রতিরোধ ক্ষমতার অধিকারী ব্যক্তিদের কার্যকরী রোগ প্রতিরোধ প্রতিক্রিয়া তৈরি হওয়ার সম্ভাবনা কম, তাই এমনকি টিকাকরণের পরেও অন্যান্য প্রতিরোধ ব্যবস্থাগুলো চালিয়ে যাওয়া জরুরী।

**হৃদরোগ আছে এমন মানুষরা কি টিকা নিতে পারবেন?**
ক্লিনিক্যাল ট্রায়ালে JYNNEOS দ্বারা টিকাকরণের পর মায়োকার্ডাইটিস (হৃদযন্ত্রের প্রদাহ) বাড়তি ঝুঁকি দেখা যায়নি। তবে, গুটিবসন্ত প্রতিরোধের জন্য অনুমোদিত একটি অন্য ধরনের টিকা নেবার পর মায়োকার্ডাইটিসে আক্রান্ত হবার বর্ধিত ঝুঁকি থাকার কারণে JYNNEOS টিকার দ্বারাও মায়োকার্ডাইটিসে আক্রান্ত হবার বর্ধিত ঝুঁকির সম্ভাবনা থাকে। যে সব লোকেদের হৃদপিণ্ডের অবস্থা সংক্রান্ত তিন বা তার বেশি সংখ্যক বড়সড় ঝুঁকির দিক থাকে, যেমন উচ্চ রক্তচাপ, ডায়াবেটিস, উচ্চ মাত্রায় কোলেস্টেরল এবং ধূমপান, তাদের এই সম্ভাব্য ঝুঁকি সম্পর্কে সচেতন থাকা উচিৎ।

**যারা গর্ভবতী বা স্তন্যপান করাচ্ছেন তারা কি টিকা নিতে পারবেন?**
হ্যাঁ। গর্ভবতী বা স্তন্যপান করাচ্ছেন এমন ব্যক্তিদের ক্ষেত্রে JYNNEOS এর ব্যবহার সম্পর্কে তথ্যের পরিমাণ সীমিত। পশুদের ক্ষেত্রে গবেষণায় বিকাশমান ভ্রূণের ক্ষতির কোনো প্রমাণ দেখা যায়নি। টিকাতে থাকা ভাইরাসটি যেহেতু মানব কোষে নিজের প্রতিলিপি তৈরি করতে পারে না, তাই স্তন্যপানকারী শিশুদের ক্ষেত্রে ঝুঁকির সম্ভাবনা নেই। যে সব লোকেরা সাম্প্রতিককালে mpox-এর প্রভাবাধীন হয়েছেন তাদের টিকা নিয়ে নেওয়া উচিৎ, তারা গর্ভবতী বা শিশুকে বুকের দুধ পান করাচ্ছেন কিনা তা নির্বিশেষে।

**কারা টিকা নিতে পারেন না?**
যে সব লোকেদের JYNNEOS টিকা নেবার ঠিক আগেই গুরুতর অ্যালার্জিজনিত প্রতিক্রিয়া হয়েছে তাদের এই টিকা নেওয়া উচিৎ নয়। যে সব লোকেদের জেন্টামাইসিন বা সিপ্রোফ্লক্স্যাসিন থেকে, অথবা মুরগী বা ডিমের প্রোটিন থেকে, গুরুতর অ্যালার্জিজনিত প্রতিক্রিয়া হয়েছে, এবং বর্তমানে মুরগী ও ডিমের সমস্ত রকমের খাদ্যদ্রব্য এড়িয়ে চলছেন, তাদের এই টিকা নেবার আগে তাদের স্বাস্থ্যপরিচর্যা প্রদানকারীর সাথে অথবা টিকাকরণকেন্দ্রের কোন চিকিৎসা প্রদানকারীর সাথে কথা বলে নেওয়া উচিৎ।

**যাদের mpox হয়েছিল তাদেরও কি এই টিকা নেওয়া উচিৎ?**
না। এই প্রাদুর্ভাব চলাকালীন, যা মে 2022 থেকে শুরু হয়েছে, যে সব ব্যক্তিদের mpox হয়েছিল বলে নির্ণীত হয়েছে তাদের এই মুহূর্তে এই টিকা নেওয়া উচিৎ নয়, কারণ তাদের সম্ভবত কিছু সুরক্ষা তৈরি হয়ে গেছে। এই টিকার প্রথম ডোজ নেবার পর যে সব ব্যক্তি mpox–এ আক্রান্ত হয়েছেন তাদের বেশিরভাগেরই এর দ্বিতীয় ডোজ নেবার দরকার নেই। যে সব ব্যক্তিদের রোগপ্রতিরোধ ক্ষমতা ভেঙ্গে পড়েছে তাদের উচিৎ তারা এর দ্বিতীয় ডোজটি নেবেন কিনা সে ব্যাপারে তাদের চিকিৎসা প্রদানকারীদের সাথে কথা বলা।

**যারা আগে গুটিবসন্তের টিকা পেয়েছিলেন তাদের কি টিকা নেওয়া উচিত?**
এই প্রাদুর্ভাবের আগে যারা গুটিবসন্তের টিকা নিয়েছিলেন, তারা mpox–এর সংস্পর্শে এসে থাকলে, বা অন্যথায় mpox–এ আক্রান্ত হবার ঝুঁকি থাকলে, তাদের JYNNEOS টিকা নেওয়া উচিত, কারণ সময়ের সাথে–সাথে গুটিবসন্তের টিকার প্রতিরোধ ক্ষমতা কমে যেতে পারে।

**আমি কি এটি অন্যান্য টিকার সাথে একই সময়ে নিতে পারি?**
JYNNEOS টিকা বেশিরভাগ টিকার আগে, পরে বা একই সময়ে দেওয়া যেতে পারে, ফ্লু এবং COVID–19 টিকাগুলি সমেত। তবে, যে সব লোকেদের মায়োকার্ডাইটিসের বর্ধিত ঝুঁকি রয়েছে, বিশেষকরে 12 থেকে 39 বছর বয়সী পুরুষেরা, তারা তাদের JYNNEOS টিকা নেবার পর COVID–19 টিকা নেবার জন্য চার সপ্তাহ অপেক্ষা করার কথা বিবেচনা করতে পারেন, যেহেতু বিরল ক্ষেত্রে COVID–19 টিকা নেবার পর মায়োকার্ডাইটিসে আক্রান্ত হবার ঝুঁকি থাকে। আপনি যদি সম্প্রতি mpox–এর সংস্পর্শে এসে থাকেন, তাহলে আপনার JYNNEOS টিকা নেবার জন্য অপেক্ষা করা উচিৎ নয়, এমনকি আপনি অতি সম্প্রতি COVID–19 টিকা নিয়ে থাকলেও। কখন টিকা নেবেন তা নিয়ে আপনার কোন প্রশ্ন থাকলে আপনার চিকিৎসা প্রদানকারীর সাথে কথা বলুন।

টিকা গ্রহণের যোগ্যতা–সহ আরও তথ্যের জন্য **nyc.gov/mpox** দেখুন। একটি টিকাকেন্দ্র খুঁজে পেতে **nyc.gov/vaccinefinder** দেখুন।

**পরিস্থিতি অনুযায়ী NYC Health Department (NYC স্বাস্থ্যদপ্তর) তার সুপারিশগুলি পরিবর্তন করতে পারে।**
1.19.23 Bengali